বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৭৪ -এ তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: নিরাপত্তাজনিত কারণে সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কোর্ট রুমে (এজলাস কক্ষে) আইনজীবী ব্যতীত বিচারপ্রার্থী কিংবা অপ্রত্যাশিত যেকোনো ব্যক্তির প্রবেশাধিকার নিষিদ্ধকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও দৃষ্টিগোচর করানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের বিচার অঙ্গনের সর্বোচ্চ স্থান এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে বিবেচিত। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় এবং সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ বাংলাদেশ সুপ্রীম কোর্টে বিচার কার্য পরিচালনা করে থাকেন। ফলে বাংলাদেশে মাননীয় প্রধান বিচারপতি মহোদয়, সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, মামলা পরিচালনায় নিযুক্তীয় আইনজীবীসহ গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণ জরুরি।

২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র আদালতে আগত কিছু বিচারপ্রার্থী, মামলা সংশ্লিষ্ট ব্যক্তি এবং অপ্রত্যাশিত ব্যক্তিবর্গ সুপ্রীম কোর্টের এজলাসে প্রবেশ করছেন যা আদালতের নিরাপত্তা, শান্তিপূর্ণ পরিবেশ এবং বিচারকার্য পরিচালনায় প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। এতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, বিজ্ঞ আইনজীবী এবং কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

৩। এমতাবস্থায়, নিরাপত্তাজনিত কারণে সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কোর্ট রুমে (এজলাস কক্ষে) আইনজীবী ব্যতীত বিচারপ্রার্থী কিংবা অপ্রত্যাশিত যেকোনো ব্যক্তির প্রবেশাধিকার সীমিত/নিয়ন্ত্রিত থাকবে। পাশাপাশি সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে যেকোন সমাবেশ, মিছিল, বৈধ ও অবৈধ যেকোন প্রকার অস্ত্র, মারনাস্ত্র, বিস্ফোরক ও মাদকদ্রব্য বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো। এ আদেশ ১৫/১২/২০২৫ খ্রি. তারিখ সোমবার থেকে কার্যকর হবে এবং আগামী ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ বুধবার পর্যন্ত বলবৎ থাকবে।

৪। এই নির্দেশ লঙ্ঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিজ্ঞ আইনজীবী, আইনজীবী সহকারী, কর্মকর্তা-কর্মচারী এবং বিচারপ্রার্থীদের এ বিষয়ে সচেতন থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,
**স্বাক্ষরিত**
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১১৮০৭ -এ তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার)/স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার ............................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. ডেপুটি রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. উপ-পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১. সহকারী রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি .......................................... মহোদয়, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৩. অফিসার ইনচার্জ, শাহবাগ থানা, ঢাকা।
১৪. অফিসার ইনচার্জ, রমনা থানা, ঢাকা
১৫. চীফ রিপোর্টার (বার্তা) এ,টি,এন বাংলা/চ্যানেল আই/এন,টি,ভি।
১৬. বার্তা সম্পাদক, বাসস/এনা/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক সংবাদ/দৈনিক ইনকিলাব/দৈনিক অবজারভার/দৈনিক যুগান্তর।

১৪/১২/২৫
(মোঃ মেসবাহ্ উদ্দিন খান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)

Scanned with CamScanner